# জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গাইবান্ধা
# সেবা সহজিকরণ কার্যক্রম

## শিরোনাম: গাইবান্ধা জেলার মৎস্যচাষ, উৎপাদন ও বাস্তবায়িত উন্নয়ন কার্যক্রমের তথ্যসম্বলিত  সরকারি জলমহালসমুহের পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন ও ওয়েবপোর্টালে হালনাগাদকরণ।

## ১. প্রেক্ষাপট:

গাইবান্ধা জেলায় প্রায় ৩৫০ টি সরকারী পুকুর-দীঘি, খাল-বিল, বরোপিট ও জলমহাল রয়েছে। এসকল জলমহালে  মৎস্য আহরণের পাশাপাশী বিল নার্সারী স্থাপন, মৎস্য অভয়াশ্রম ব্যবস্থাপনা ও আধুনিক মৎস্যচাষ প্রযুক্তি ব্যবহার করে মৎস্য উৎপাদিত হয়ে আসছে। এছাড়া মৎস্য অধিদপ্তরসহ বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানের উন্নয়ন প্রকল্পের মাধ্যমে সময়ে সময়ে জলাশয় সংস্কার ও পুন:খনন এর কার্যক্রমও বাস্তবায়ন করা হয়। কিছু নির্বাচিত জলাশয় জলমহাল নীতিমালা ২০০৯ অনুসরণ করে জেলা / উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে বা জলাশয়ের ন্যস্ত প্রতিষ্ঠানের মাধ্যমে নির্দিষ্ট মেয়াদের জন্য ইজারা প্রদান করা হয়ে থাকে। সরকারী/খাস জলাশয়ের অবস্থান, পরিমান ও ইজারা তথ্য সংশ্লিষ্ট মালিক প্রতিষ্ঠানের বিভিন্ন নথিতে উল্লেখিত থাকলেও জলাশয়ের প্রকৃত অবস্থা, মাছচাষের বর্তমান অবস্থা, উৎপাদন, বাস্তবায়িত উন্নয়ন কার্যক্রম ও সংশ্লিষ্ট সুফলভোগীর বিস্তারিত তথ্য অপ্রতুল। এছাড়া জেলার সকল খাস/সরকারী জলমহালের একক পূর্ণাঙ্গ তালিকা কোন প্রতিষ্ঠানের মাধ্যমে করা হয়নি। এসকল জলাশয়ের বর্তমান অবস্থা, উৎপাদন ও উন্নয়ন তথ্য একই সাথে দ্রুততম সময়ের মধ্যে পাওয়া বেশ কষ্টসাধ্য। বিভিন্ন সময়ে উন্নয়ন কাজ,  উৎপাদন সংক্রান্ত তথ্য প্রণয়ন, ও মৎস্যসম্পদ জরীপ কার্যক্রম বাস্তবায়নের জন্য সরকারী খাস জলাশয়ের বিভিন্ন তথ্য প্রয়োজন হয়। এ প্রেক্ষাপটে জেলার সকল সরকারী জলমহালের তথ্য একটি একক ও পূর্ণাঙ্গ তালিকার মাধ্যমে প্রণয়ন ও হালনাগাদ করে প্রকাশ করা হলে সংশ্লিষ্ট সুফলভোগী নাগরিক, বিভিন্ন সরকারী বেসরকারী সংস্থার জন্য একটি অনন্য তথ্য ভান্ডার  উন্মুক্ত হবে।

## ২. উদ্যোগ গ্রহণের প্রাসঙ্গিকতা:

সরকারী খাস জলাশয় ও জলমহালসমুহ চাষ ও ব্যবস্থাপনার মাধ্যমে উৎপাদিত মাছ দেশের মৎস্যসম্পদের একটি অন্যতম উৎস। মৎস্য অধিদপ্তরের অনেক কার্যক্রম যেমন; পোনা অবমুক্তি, বিল নার্সারী স্থাপন, মৎস্য অভয়াশ্রম স্থাপন ও রক্ষনাবেক্ষণ জলাশয় পুন:খনন/সংস্কার, সমাজভিত্তিক মৎস্যচাষ ইত্যাদি সরকারী খাস জলাশয় ও জলমহালে বাস্তবায়ন করে থাকে। এছাড়া উপজেলা/জেলা জলমহাল কমিটির মাধ্যমে বা মালিকানা প্রতিষ্ঠানের মাধ্যমে এসব জলাশয় নির্দিষ্ট সময়ের জন্য ইজারা

প্রদানের মাধ্যমে মৎস্য চাষ ব্যবস্থাপনা বাস্তিবায়িত হয়ে থাকে। মৎস্য অধিদপ্তরের বিভিন্ন প্রকল্প গ্রহণের সময় ডিপিপি তৈরী ও বিদ্যমান ডিপিপিতে অন্তর্ভূক্তির সময় সরকারী খাস জলাশয় সমুহের বিভিন্ন তথ্য প্রয়োজন হয়। সাম্প্রতিক সময়ে সকল সরকারী জলাশয় ইজারার ক্ষেত্রে অনলাইন সিস্টেম প্রবর্তন করা হয়েছে। এসকল কার্যক্রম সুষ্ঠুভাবে, বিনা ঝামেলায় ও কম সময়ে সম্পন্ন করতে বিষদ তথ্য সমৃদ্ধ জলমহাল সমুহের একটি একক ও পূর্নাঙ্গ তালিকা সহায়ক হতে পারে, এ বিষয়টি বিবেচনায় নিয়েই গাইবান্ধা জেলার সকল সরকারী / খাস জলমহালের একটি পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ণ, হালনাগাদকরণ ও জেলার তথ্য বাতায়নে আপলোডের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ কার্যক্রমটিকে ২০২১-২২ অর্থবছরের এপিএ এর আওতায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় একটি সেবা সহজিকরণে ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রম হিসেবে বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে।

## ৩. বাস্তবায়ন প্রক্রিয়া:

জেলা মৎস্য দপ্তরের ইনোভেশন টীম কর্তৃক জেলার সকল সরকারী/খাস জলমহালের পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহের জন্য একটি এক্সেল ফরমেট প্রস্তুত করা হয়েছে। মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহের জন্য উপজেলা পর্যায়ে ফরমেটটি সরবরাহ করা হয়েছে। উপজেলা মৎস্য দপ্তরের জনবলের মাধ্যমে সরেজমিনে পরিদর্শন করে ও জলাশয়ের মালিকানা প্রতিষ্ঠানের সাথে সরাসরি যোগাযোগের মাধ্যমে বিস্তারিত তথ্য সংগ্রহ করে তথ্য সন্নিবেশ, যাচাই-বাছাই ও চুড়ান্তভাবে ফরমেটটি পূরণ ও সম্পন্ন করা হয়েছে। উপজেলা থেকে জেলা মৎস্য দপ্তরে প্রেরণ এর পর ফরমেটটি একীভূত করে এবং আরও যাচাই বাছাই শেষে স্ব-স্ব দপ্তরের ওয়েবপোর্টালে আপলোড এর মাধ্যমে সকলের ব্যবহারের জন্য আপলোড করা হয়েছে।

## ৪. উদ্যোগের লগফ্রেইম:

| ক্র. নং | কার্যক্রম | সময়কাল (২০২১-২২) | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | অক্টো | নভে | ডিসে | জানু | ফেব্রু | |
| ১ | ইনোভেশন টীম কর্তৃক তথ্য সংগ্রহ ফরমেট তৈরী ও চুড়ান্তকরণ | | | | | | তথ্য পরিবর্তন সাপেক্ষে সময়ে সময়ে তালিকা হালনা |
| ২ | উপজেলা মৎস্য দপ্তর তথা মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহ | | | | | | |
| ৩ | অন্যান্য দপ্তরের সাথে যোগাযোগ ও সেকেন্ডারী ডাটার সাথে তথ্য সমন্বয় ও মিলিকরণ | | | | | | |
| ৪ | উপজেলা মৎস্য দপ্তর কর্তৃক খসড়া তালিকা প্রণয়ন ও জেলা মৎস্য | | | | | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | দপ্তরে প্রেরণ | | | | | | গাদ |
| ৫ | জেলা মৎস্য দপ্তর কর্তৃক তথ্য যাচাই ও একীভূতকরণ ও ওয়েবপোর্টালে আপলোডের মাধ্যমে উন্মুক্তকরণ | | | | | | অব্যহত থাকবে। |

## ৫. উদ্যোগের প্রত্যাশিত ফলাফল:

# সকল নাগরিক ও সরকারী/বেসরকারী সংস্থার জন্য গাইবান্ধা জেলার সরকারী/খাস জলমহালের একটি একক ও পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত তালিকা প্রস্তুত হবে।

# জলমহাল সম্পর্কিত তথ্য সংগ্রহের জন্য কোন অফিনে যেতে হবেনা এবং এতে সময় ও অর্থ দুইই সাশ্রয় হবে।

# জলমহালে উন্নয়ন  কার্যক্রম বাস্তবায়নের তথ্য থাকায় যেকোন নতুন প্রকল্প প্রণয়ন ও ডিপিপিতে অন্তর্ভূক্তি ইত্যাদি কাজে সহায়ক হবে।

# জলমহাল ইজারা সংক্রান্ত তথ্য থাকায় কোন জলমহাল কিভাবে, কার মাধ্যমে ও কত মেয়াদের জন্য ব্যবহার হচ্ছে সে বিষয়ে ধারণা পাওয়া যাবে।

# জলাশয়ের মৎস্য উৎপাদন তথ্য হালনাগাদ, জরীপ ও গবেষণাধর্মী কাজে তালিকাটি সহায়ক ভুমিকা পালন করবে।

# সকল জলাশয় মালিকানা প্রতিষ্ঠান ও মৎস্য দপ্তরের মনিটরিং কার্যক্রমে সহায়ক ভুমিকা পালন করতে পারে।

# জলাশয় ব্যবস্থাপনা ও বিভিন্ন কার্যক্রমের পরিকল্পনা তৈরীতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

## জেলা মৎস্য দপ্তর, গাইবান্ধা এর ইনোভেশন টীমঃ

| ক্র. নং | নাম | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | মো: ফয়সাল আযম | জেলা মৎস্য কর্মকর্তা | টীম লিডার |
| ২ | মোহাঃ গোলাম জীলানী | মৎস্য জরীপ কর্মকর্তা | সদস্য |
| ৩ | মো: আব্দুর রহিম সরকার | অফিস সহকারী কাম কম্পিউটার মূদ্রাক্ষরিক | সদস্য |